



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
সচিবালয়
ওয়াপদা ভবন, মতিঝিল বা/এ, ঢাকা।

স্মারক নং-বাপাউবো(সচি)/পরিকল্পনা/কাপ্র-২০২০/২২

তারিখঃ ২৯-০৯-২০২০ খ্রিঃ

বরাবর,
প্রধান প্রকৌশলী
দক্ষিণাঞ্চল
বাপাউবো, বরিশাল।

বিষয় : সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন অনুমোদন প্রসংগে।

- সূত্র : ১। স্মারক নং-ডি/৭৫৩/০৭/৬৪৪, তারিখঃ ০১/০৭/২০২০ খ্রিঃ,
২। স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খণ্ড)/২৫৪, তারিখঃ ১১/১২/২০১৯ খ্রিঃ এবং
৩। স্মারক নং-বাপাউবো(সচি)/পরি-১/বিবিধ-৩/২০১৯(১ম খণ্ড)/৮০, তারিখঃ ১৬/০৪/২০১৯ খ্রিঃ।

মহোদয়,


যথাযথ সম্মানপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থিত স্মারকসমূহের বরাতে জানাচ্ছি যে, নিম্নবর্ণিত প্রস্তাবিত প্রকল্পের সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনটি রিভিউ কমিটির মতামতসহ বোর্ড কর্তৃক অনুমোদিত হয়েছে (মহাপরিচালক মহোদয়ের ডায়েরি নং-১৬৯৭, তারিখঃ ২৪/০৯/২০২০ খ্রিঃ)।

“বরগুনা জেলার অধীনে নদী খননসহ বিষখালী নদীর ভাঙ্গন হতে বামনা শহর এবং রামনা ও কালিকাবাড়ী লঞ্চঘাট প্রতিরক্ষা এবং পোল্ডার নং- ৩৯/২এ ও ৩৯/১ডি অভ্যন্তরে টেকসই পানি ব্যবস্থাপনা প্রকল্প”

রিভিউ কমিটির মতামত : “পর্যালোচনান্তে প্রতীয়মান হয় যে, কমিটি কর্তৃক প্রদত্ত সুপারিশসমূহ বাস্তবসম্মত এবং প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ। তবে বর্ণিত প্রকল্প হতে বিষখালী নদী ড্রেজিং কর্মসূচী বাদ দিয়ে বরগুনা এলাকার বড় নদী (বলেঞ্চু, বিষখালী, পায়রা) সমূহ ড্রেজিং এর জন্য বিস্তারিত সমীক্ষা সম্পাদন করে একটি ভিন্ন প্রকল্প গ্রহন করা যেতে পারে। এছাড়া, প্রতিবেদনটির গুনগতমান গ্রহণযোগ্য।”

এমতাবস্থায় সম্ভাব্যতা সমীক্ষা কমিটির দাখিলকৃত ও অনুমোদিত প্রতিবেদনটিতে উল্লিখিত মতামত ও সুপারিশের আলোকে সদয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনটি এতদসঙ্গে আদিষ্টমতে প্রেরণ করা হলো।

সংযুক্তি : সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদন -১ প্রছ।


(মোঃ সামিউল ইসলাম খান)
উপ-সচিব (পরিকল্পনা)
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে):

- ১। প্রধান পরিকল্পনা, বাপাউবো, ঢাকা (১ প্রছ প্রতিবেদনসহ)।
- ২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পটুয়াখালী পানি উন্নয়ন সার্কেল, বাপাউবো, পটুয়াখালী।
- ৩। নির্বাহী প্রকৌশলী, বরগুনা পওর বিভাগ, বাপাউবো, বরগুনা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বাপাউবোর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৫। সি এস ও টি মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৬-৭। পিএ টি অতিরিক্ত মহাপরিচালক (পরিকল্পনা/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।